



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ২৮১৫৬

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

স্মারক নং-বামাশিবো/প্রশা/সুনামগঞ্জ-৭২/ ২০১০

তারিখঃ ১৬/১১/২০১৬খ্রিঃ

বিষয়ঃ সভাপতি মনোনয়ন প্রদানসহ এডহক কমিটির অনুমতি ও দাখিলকৃত ম্যানেজিং কমিটি অনুমোদন না দেওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলাধীন কালীপুর নেছারিয়া দাখিল মাদরাসার সুপারের বরখাস্ত প্রস্তাব ১৬/০৫/২০১৬খ্রিঃ তারিখে আপিল এন্ড আরবিট্রেশন কমিটিতে উপস্থাপন হলে অভিযোগ প্রমাণিত হয়নি ও চাকুরী থেকে অপসারণ প্রক্রিয়া যথাযথ না হওয়ায় আপিল এন্ড আরবিট্রেশন কমিটি পুনর্বহালের সুপারিশ করেন। যাহা ১৮/০৫/২০১৬খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বোর্ডের ১৭৭তম সভায় অনুমোদিত হয়। উক্ত বিষয়ে সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে ১৬/০৬/২০১৬খ্রিঃ তারিখে পত্র দিয়ে সিদ্ধান্ত বাস্তবায়নের নির্দেশ দেয়া হয়।

সভাপতি কর্তৃক বোর্ডের সিদ্ধান্ত বাস্তবায়ন না করে বিজ্ঞ আদালতে দেওয়ানী মোকদ্দমা নং- ১৭/২০১৬ দায়ের করেন। বোর্ডের সিদ্ধান্তের বিরুদ্ধে নিষেধাজ্ঞা প্রার্থনা করা হয়। অদ্য পর্যন্ত বিজ্ঞ আদালত কর্তৃক বোর্ডের সিদ্ধান্তের বিরুদ্ধে বিজ্ঞ আদালত কর্তৃক কোন নিষেধাজ্ঞা দেওয়া হয়নি বিধায় বোর্ডের সিদ্ধান্ত কার্যকর ও আইনগতভাবে বহাল আছে।

বোর্ডের সিদ্ধান্ত অমান্য ও পরিপালন না করা প্রবিধানের ধারা- ৩৬(১), ৪১(২)(ঘ)(২), ৪১(২)(চ)(১) ও ৪১(২)(চ)(২) এর সুস্পষ্ট লঙ্ঘন। উপরোক্ত আইনের লঙ্ঘনকারী প্রস্তাবিত কমিটির সভাপতি ও সদস্য। উক্তরূপ কমিটির অনুমোদন বোর্ডের Regulatory অবস্থানের সঙ্গে সাংঘর্ষিক। ম্যানেজিং কমিটি নির্বাচনের জন্য খসড়া চূড়ান্ত ভোটার তালিকা শ্রেণিকক্ষে প্রচার না করা ও নির্বাচন সংক্রান্ত কার্যক্রম গোপনে করা ও প্রতিষ্ঠাতা সদস্য বাদ দিয়ে কমিটি গঠনের বিষয়ে অভিযোগ করা হলে সরজমিনে তদন্তের জন্য বোর্ড থেকে পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে সরজমিনে তদন্ত হয়নি। তবে অফিসে ডেকে অভিযোগকারী ও অভিযুক্তদের শুনানী গ্রহণ করা হয়। কোন শিক্ষার্থী ও অভিভাবকের স্বাক্ষর বা শুনানী নেওয়া হয়নি, কোন ধরনের নোটিশ প্রদান করা হয়নি। প্রবিধানের ধারা- ১২(৩) ও ১২(৬) মোতাবেক অভিযোগের সত্যতা যাচাইয়ের জন্য যা আবশ্যিক ছিল। তদন্তে প্রতিষ্ঠাতা সদস্য বাদ দেয়া বিষয়ে কোন মন্তব্য করা হয় নাই। যা ধারা- ১০(খ) পরিপালন হয়নি মর্মে আপাততঃ দৃষ্টিতে প্রতীয়মান হয়। যদিও তদন্ত প্রতিবেদনে (তারিখঃ ২১/০৭/২০১৬) অভিযোগের সত্যতা পাওয়া যায়নি মর্মে উল্লেখ করা হয়। পরবর্তীতে ৭৬জন শিক্ষার্থী অভিভাবক যথাযথভাবে ও সরজমিনে কোন তদন্ত না হওয়ায় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে পুনরায় তদন্তের আবেদন করেন।

অপরদিকে বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক সুপার মোঃ নুরুল ইসলাম এডহক কমিটি গঠনের অনুমতির জন্য বোর্ড ফিসহ আবেদন দাখিল করেছেন। আবেদনে স্থানীয় সংসদ সদস্য জনাব মোয়াজ্জম হোসাইন রতন জনাব মোঃ ইউসুফ আল আজাদ, পিতা- মৃত আব্দুর রহমান তাং- কে সভাপতি হিসাবে মনোনয়ন প্রদানের জন্য সুপারিশ করেছেন। আবেদনের সাথে শিক্ষক প্রতিনিধি ও অভিভাবক সদস্য মনোনয়ন সংক্রান্ত কাগজপত্র দাখিল করেন নাই। দাখিলকৃত ম্যানেজিং কমিটির বিষয়ে অভিযোগ থাকায় ও প্রস্তাবিত কমিটির সভাপতি ও সদস্য বোর্ডের সিদ্ধান্ত অব্যাহতভাবে লঙ্ঘন করায় সার্বিক বিবেচনায় উক্তরূপ কমিটি অনুমোদন বিধিসম্মত নহে ও মাদরাসার শিক্ষার কাঙ্ক্ষিত পরিবেশের পরিপন্থী।

বিধায় মাদরাসা সৃষ্ট পরিচালনার স্বার্থে স্থানীয় মাননীয় সংসদ সদস্যের সুপারিশ মোতাবেক ও প্রবিধান-৩৯(১)(ক) অনুযায়ী জনাব মোঃ ইউসুফ আল আজাদ, পিতা- মৃত আব্দুর রহমান তাং-কে সভাপতি হিসাবে মনোনয়ন প্রদানসহ এডহক কমিটি গঠনের অনুমতি দেয়া হল। সুপারকে ত্বরিত শিক্ষক প্রতিনিধি ও অভিভাবক সদস্যসহ পূর্ণাঙ্গ এডহক কমিটি অনুমোদনের লক্ষ্যে বোর্ডে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৬/১১/২০১৬

মোঃ নজমুল হুদা
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)
ও পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৫৮৬১০২০২

- প্রাপকঃ ১) জনাব মোঃ ইউসুফ আল আজাদ, পিতা- মৃত আব্দুর রহমান তাং
গ্রাম- কালীপুর, পোঃ সাচনা, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
২) সুপার, কালীপুর নেছারিয়া দাখিল মাদরাসা, জামালগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-বামাশিবো/প্রশা/সুনামগঞ্জ-৭২/ ২০১০

তারিখঃ ১৬/১১/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৪. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. অফিস কপি।

মোঃ কামাল উদ্দিন
উপ-রেজিস্ট্রার (প্রশাসন, অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)
ও উপ-রেজিস্ট্রার (কমন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৫৪০৩